গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২
www.brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৩.০৫.০০৭.২৩-১৯৬৯ তারিখ : ২ অগ্রহায়ণ ১৪৩২ / ১৭ নভেম্বর ২০২৫

**বিষয়: পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার**

সংযুক্ত বিজ্ঞপ্তিটি (রঙ্গীন) বহুল প্রচলিত ০৪ (চার)টি জাতীয় দৈনিক পত্রিকায় (একাধিক সংস্করণ প্রকাশিত হলে উভয় সংস্করণের) প্রথম বা শেষ পৃষ্ঠায় আগামী ১৮ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে ০১ (এক) দিন প্রকাশ এবং প্রকাশিত বিজ্ঞপ্তিগুলোর ০১ (এক) টি কপি অত্র শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পৃষ্ঠা।**

17.11.25

**মোঃ আতিকুল আলম**
সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং)
ই-মেইল : ad_license@brta.gov.bd

পরিচালক (এনফোর্সমেন্ট)
বিআরটিএ সদর কার্যালয়
বনানী, ঢাকা-১২১২।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। প্রোগ্রামার বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২ (বিজ্ঞপ্তিটি বিআরটিএ'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা
www.brta.gov.bd

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মোটরযানের ফিটনেস পরীক্ষার নিমিত্ত সরকারি/বেসরকারি মোটরযান মেরামত কারখানা নির্বাচনের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে আগ্রহী প্রতিষ্ঠান থেকে নিম্নবর্ণিত শর্তাবলির আলোকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

- **সরকারি/বেসরকারি মোটরযান মেরামত কারখানার যোগ্যতা:**
  ১। সকল মোটরযান মেরামত কারখানা-কে সড়ক পরিবহণ বিধিমালা, ২০২২ মোতাবেক বিআরটিএ কর্তৃক প্রদত্ত নিবন্ধন সনদ থাকতে হবে;
  ২। মোটরযানের ফিটনেস পরীক্ষার সিস্টেম সরবরাহ, স্থাপন ও পরিচালনার অভিজ্ঞতা;
  ৩। দেশি/বিদেশি প্রতিষ্ঠানের সাথে যৌথ উদ্যোগ (Joint Venture) এর সুযোগ (প্রযোজ্য ক্ষেত্রে);
  ৪। ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) স্থাপনের জন্য উপযুক্ত স্থানে নূন্যতম ৫০,০০০-৬০,০০০ বর্গ ফুট জায়গা থাকতে হবে;
  ৫। একটি ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) পরিচালনার জন্য ন্যূনতম ৬ (ছয়) জন কারিগরি লোকবল থাকতে হবে। অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা সার্টিফিকেটধারী দুইজন ও দুইজন অটোমোবাইলে ট্রেড কোর্সধারী ম্যাকানিক্স থাকতে হবে। এছাড়া ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) এর যন্ত্রপাতি ও সরঞ্জাম মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য একজন বিএসসি অটোমোবাইল/মেকানিক্যাল ইঞ্জিনিয়ার ও একজন ডিপ্লোমা অটোমোবাইল/মেকানিক্যাল থাকতে হবে;
  ৬। প্রতিটি ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টারে (ভিআইসি) প্রতিদিন ন্যূনতম ১০০ (একশত)টি মোটরযান পরীক্ষা সম্পন্ন করার ক্যাপাসিটি থাকতে হবে;
  ৭। ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) পরিচালনা সংক্রান্ত সফটওয়্যারের সাথে বিআরটিএ-এর বিদ্যমান সংশ্লিষ্ট সফটওয়্যারের সাথে সমন্বয় সাধনের উপযুক্ত আইসিটি সক্ষমতা থাকতে হবে;
  ৮। বিনিয়োগযোগ্য আর্থিক সক্ষমতা থাকতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);
  ৯। ভ্যাট নিবন্ধন, টিন, ট্রেড লাইসেন্স, অডিট রিপোর্ট ইত্যাদি থাকতে হবে;
  ১০। সরকার নির্ধারিত নীতিনির্ধারণী কোন পরিবর্তনের ক্ষেত্রে স্বল্প সময়ের মধ্যে তা বাস্তবায়ন করার সক্ষমতা থাকতে হবে;
  ১১। মোটরযানের ফিটনেস পরীক্ষার জন্য আলাদা সেকশন;
  ১২। পরীক্ষা রিপোর্টের তথ্য অনলাইনে সংরক্ষণ ও যাচাই সুবিধা;
  ১৩। প্রাথমিক চিকিৎসা, নিরাপত্তা ও অগ্নিনির্বাপণ ব্যবস্থা;
  ১৪। অভিজ্ঞ চালক : নূন্যতম ০৫ (পাঁচ) জন অভিজ্ঞ ও দক্ষ চালক থাকতে হবে;
  ১৫। হেল্প ডেস্ক ও অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা;
  ১৬। শব্দ ও বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা;
  ১৭। শব্দ ও বায়ুদূষণ নিয়ন্ত্রণে প্রযুক্তিগত সুবিধাদি ও কারিগরি দক্ষতা থাকতে হবে;
  ১৮। সিসি ক্যামেরার মাধ্যমে ফিটনেস পরীক্ষার কার্যক্রম পর্যবেক্ষণ;
  ১৯। জরুরি মোটরযান মেরামতের জন্য পৃথক ব্যবস্থা;
  ২০। পরিবেশ অধিদপ্তরের বিধি মোতাবেক মোটরযান মেরামত কারখানা স্থাপন ও নিঃসরণ মাত্রা পরীক্ষার ব্যবস্থা থাকতে হবে।

- **সরকারি/বেসরকারি মোটরযান মেরামত কারখানার পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত অন্যান্য বিষয়াদি:**
  ১। স্বয়ংক্রিয় ফিটনেস পরীক্ষার পূর্বে মোটরযানসমূহের ম্যানুয়াল পরীক্ষার জন্য ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টারের (ভিআইসি) লেনের শুরুতে প্রয়োজনীয় স্পেস ও ব্যবস্থা থাকতে হবে;
  ২। নির্বাচিত সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান কেবল তাদের নিজস্ব জায়গায় প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সরঞ্জামসহ ভিআইসি স্থাপন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ইত্যাদি কার্যাদি করবে;
  ৩। বিআরটিএ'র সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শকগণ উক্ত ভিআইসি ব্যবহার করে ফিটনেস সার্টিফিকেট ইস্যু করবে;
  ৪। ভিআইসি'র ডিজিটাল সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে কাজ করবে এবং সিস্টেমে কোন ধরনের ম্যানুয়াল ইন্টারফারেন্স এর সুযোগ রাখা যাবে না;
  ৫। বিআরটিএ'র চাহিদা অনুযায়ী ভিআইসি সিস্টেমে রিপোর্ট তৈরি করতে হবে;
  ৬। উর্ধ্বতন কর্মকর্তাদের জন্য প্রয়োজনীয় তথ্যবহুল 'ড্যাসবোর্ড' এবং কেন্দ্রীয়ভাবে সিসিটিভি নিয়ন্ত্রণ ব্যবস্থা থাকতে হবে;
  ৭। প্রতিটি ধাপের টেস্ট রেজাল্ট আলাদাভাবে এবং টেস্ট রিপোর্টের শেষে চূড়ান্ত ফলাফল স্বয়ংক্রিয়ভাবে জেনারেট হতে হবে।

- **ফিটনেস পরীক্ষার জন্য প্রয়োজনীয় ন্যূনতম মেশিনারিজ/যন্ত্রপাতির তালিকা:**
  ১. Automatic Wheel Alignment Machine
  ২. Speedometer Tester
  ৩. Diesel Opacimeter
  ৪. Gas Analyzer
  ৫. Chassis Dynamometer
  ৬. Play Detector
  ৭. Full Automatic Headlight Tester
  ৮. Suspension Tester
  ৯. Side Slip Tester
  ১০. Roller Brake Tester
  ১১. LED Display Board
  ১২. Test Lane Control System
  ১৩. Sound Level Meter ইত্যাদি

উপরে বর্ণিত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে যেসকল সরকারি/বেসরকারি মোটরযান মেরামত কারখানা মোটরযানের ফিটনেস পরীক্ষা করতে আগ্রহী সেসকল প্রতিষ্ঠানকে আগামী ২ ডিসেম্বর ২০২৫ তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২ এর চেয়ারম্যান বরাবর আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

বিআরটিএ